

# ফাগুনে নাচে স্নেহে তো আমার দেশ

## কাইউম পারভেজ



বিশ্বকাপ ক্রিকেটের ঝলকানীতে দেশ আমার  
নেচে উঠছে কৃষ্ণচূড়ার রঙ মেখে মেখে  
ফাগুনের আবীর মেখে  
একুশের লাল-কালো মেখে  
বরকত সালাম রফিকউদ্দীন জব্বার আর  
তিরিশ লক্ষ সফেদ নরমুণ্ডের প্রচ্ছদ ঐকে ঐকে।

হা হতাশ আর নিরবিচ্ছিন্ন উৎকণ্ঠার এই দেশে  
আবার শুভ্র কপোত উড়ছে নীল থেকে নীলাস্বরে  
বরকতের ভাই, সালামের বোন, রফিকউদ্দীনের মা  
জব্বারের প্রজন্মেরা পীচে মোড়া রাজপথ বেয়ে  
ধেয়ে চলে বিশ্বকাপের মহাবিশ্বে  
প্রভাত ফেরীর রাজপথ বেয়ে  
বিচ্ছুদের সেই অলি গলি মাড়িয়ে।

কি আনন্দ কি আনন্দ দেখো চারিদিকে  
ফাগুনের মাসে সুখ দুঃখ আসে  
আসে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।  
বিশ্বকাপের বিশ্ব কাঁপানো দিবস  
মানুষ মানুষকে ভালোবাসার দিবস।  
কণ্ঠে সবার জাগে সুর ... ‘আমি কি ভুলিতে পারি’  
‘সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি’ তোমায় ভুলিতে নারি।

শুধু একবার শুধু একবার কসম খেয়ে বলো  
আমি তোমায় ভালোবাসি  
বলো সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি  
তোমার বুক বিশ্বকাপ নয়ন জলে হাসি।  
শুধু একবার শুধু একবার কসম খেয়ে বলো  
আমি তোমায় ভালোবাসি।  
যদি পারো ভালোবাসতে  
দেখবে হিমালয় অনেক নীচেতে, উঁচুতে দাঁড়িয়ে বাংলা  
বিশ্বকাপের মানুষ দেখবে - বাঙালির সোনার বাংলা।